# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৬৪.ওযুর ফরজ কয়টি ও কী কী? - [ওযুর ফরয]

ওযুর ফরয ও সুন্নাত কয়টি ও কী কী তা আলাদা করে রাসূলুল্লাহ (স) ও তাঁর সাহাবীগণ বলেননি। তবে বিজ্ঞ ফকীহগণ নিম্নবর্ণিত কাজগুলোকে ওযুর ফরয বলেছেন,

১. মুখমণ্ডল ধৌত করা,

২. দুই হাত কনুই পর্যন্ত ধৌত করা,

৩. মাথা মাসেহ করা,

৪. দুই পা গিরাসহ ধৌত করা।

কোন কোন ফকীহর মতে, নিম্নবর্ণিত ২টি কাজসহ ওযুর ফরয মোট ৬টি

৫. ধারাবাহিকতা রক্ষা করা। অর্থাৎ ওযুর অঙ্গ ধৌত করার সময় ক্রমধারা ভঙ্গ না করা। আরবীতে এ সিরিয়ালকে বলা হয় তারতীব ;

৬. এক অঙ্গ শুকিয়ে যাওয়ার পূর্বেই পরবর্তী অঙ্গ ধৌত করা। এটাকে আরবীতে বলা হয় মুওয়ালাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12800

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন